

মার্চ/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ বাজার মূল্য পর্যবেক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখ : ১৩/০৩/২০২২ খ্রি. বিকাল ২.৩০ ঘটিকায়
সভাপতি : মোঃ শরিফুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ গোবিন্দগঞ্জ ।
উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:


১. আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ বাজার মূল্য পর্যবেক্ষণ কমিটির সভাকরণ

সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ বাজার মূল্য পর্যবেক্ষণ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২. আলোচনা : বাজার মূল্য পর্যবেক্ষণ কমিটির কার্যক্রম গতিশীলকরণ

সিদ্ধান্ত : পণ্য ও সেবা মূল্য তালিকা প্রদর্শন, সঠিক ওজন, নায্যমূল্যে পণ্য ক্রয়-বিক্রয়, ভেজাল রোধ ইত্যাদি বিষয়ে বাজারসমূহে মনটরিং কার্যক্রম জোরদারকরণে উপজেলা পরিষদ বাজার মূল্য পর্যবেক্ষণ কমিটির কার্যক্রম গতিশীলকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি


উপজেলা পরিষদ বাজার মূল্য পর্যবেক্ষণ কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং-

তারিখ : ১৩/০৩/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।


সদস্য সচিব

উপজেলা পরিষদ বাজার মূল্য পর্যবেক্ষণ কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।